ভোরের কাগজ

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উদ্যোগে চাকরি মেলা

# চাকরি মেলার আয়োজন করতে সকল বিশ্ববিদ্যালয়ের প্রতি মন্ত্রীর আহ্বান

বিশ্ববিদ্যালয়ের ডিগ্রিধারী বিভিন্ন ধরনের চাকরি ও চাকরিদাতা প্রতিষ্ঠানের সঙ্গে পরিচয় করিয়ে দিতে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি গতকাল এক চাকরি মেলার আয়োজন করে।

বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী এলজিইডি মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে দিনব্যাপী এ মেলার উদ্বোধন করেন।

ইউনিভার্সিটির পরিচালনা পর্ষদের প্রেসিডেন্ট ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ও উপাচার্য এম মনোয়ারুল ইসলাম উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

বিপুলসংখ্যক শিক্ষিত তরুণ-তরুণীর পাশাপাশি দেশের নেতৃস্থানীয় বিভিন্ন কোম্পানি ও প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীগণও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দেশের ৪১টি কর্পোরেট হাউজ মেলায় অংশ নিচ্ছে।

বাণিজ্যমন্ত্রী বলেন, এ উদ্যোগ চাকরিদাতা ও চাকরি প্রার্থীদের মাঝে সেতুবন্ধন রচনা করবে। এর মধ্যে দিয়ে বিভিন্ন কোম্পানি তাদের পছন্দ অনুযায়ী দক্ষ ও মেধাবী কর্মী খুঁজে পাবে। পক্ষান্তরে চাকরি সন্ধানকারীরাও পছন্দের কাজ বেছে নিতে পারবে।

তিনি বলেন, বর্তমান বিশ্বে বিশেষ করে মেধাভিত্তিক বাণিজ্য ব্যবস্থায় মেধা ও দক্ষতাই হচ্ছে টিকে থাকার মাপকাঠি। তিনি মেধা ও দক্ষতার পরিস্ফুটন ঘটাতে অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোকেও অনুরূপ কর্মসূচিগ্রহণের আহ্বান জানান।

পরে মন্ত্রী মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন। তিনি মেলায় অংশগ্রহণকারী ও দর্শনার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। তথ্য বিবরণী।